

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স- ১২৮৬  
আগরতলা, ১৭ জুলাই, ২০১৭

**উত্তর-পূর্বাঞ্চল গ্রামীণ জীবিকা প্রকল্প :  
ডুকলীতে কর্মশালা অনুষ্ঠিত**

আজ ডুকলী পঞ্চায়েত সমিতি হলে উত্তর-পূর্বাঞ্চল গ্রামীণ জীবিকা প্রকল্পের বিষয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে ব্লক এলাকার বিভিন্ন পঞ্চায়েতের প্রধান এবং স্ব-সহায়ক দলের দেড় শতাধিক সদস্য অংশ নেন। এই কর্মশালার সূচনা করে ডুকলী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রমিলা রায় ( সরকার) স্ব-সহায়ক দলের সদস্য-সদস্যগণকে নিজেদের করণীয় সম্পর্কে আরো সচেতন হবার আহ্বান জানান। এছাড়া আলোচনায় অংশ নেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাপতি মনমোহিনী দেবনাথ ও সদস্য তপন কুমার দাস।

আলোচনায় অংশ নিয়ে এই প্রকল্পের জেলা কো-অর্ডিনেটর মুনমুন দেবনাথ জানান, ডুকলী ব্লক এলাকায় ৮৫২টি স্ব-সহায়ক দল রয়েছে। ন্যূনতম ১০টি এবং সর্বোচ্চ ৩০টি স্ব-সহায়ক দল নিয়ে ১টি এস এইচ জি ফেডারেশন গঠন করা হয়। এই ব্লক এলাকায় এখন পর্যন্ত ৩১টি ফেডারেশন গঠন করা হয়েছে। তিনি জানান, এ প্রকল্পে ১০টি স্ব-সহায়ক দলকে ১০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ দেবার সংস্থান রয়েছে। এই ঋণ নিয়ে তারা ২০ শতাংশ টাকা স্ব-সহায়ক দলের একাউন্টে এবং ৮০ শতাংশ টাকা ফেডারেশনের একাউন্টে জমা করে থাকেন। ফেডারেশন এই টাকা নিয়ে একটি কমিউনিটি ডেভেলপমেন্ট গ্রুপ গঠন করে। এই কমিউনিটি ডেভেলপমেন্ট গ্রুপ স্ব-সহায়ক দলগুলিকে প্রয়োজনীয় সহায়তা করে থাকে। তিনি জানান, এছাড়াও উত্তর-পূর্বাঞ্চল গ্রামীণ জীবিকা প্রকল্পে জলসেচের পাকানালা, কিষাণ শেড, চেকড্যাম, কমিউনিটি নার্সারী, ফলচাষ, পানীয় জলের পাইপ লাইন সম্প্রসারণ ইত্যাদি কাজ করার সংস্থান রয়েছে। এছাড়া, আলোচনায় অংশ নেন জেলা কো-অর্ডিনেটর সুস্মিতা বেগম, বিপ্লব মজুমদার, তুহিন মিত্র ও ব্লক কো-অর্ডিনেটর মৃত্যুঞ্জয় দাস। কর্মশালায় ডুকলী পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দিলীপ দাসও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*